

# বাংলা শিখতে ঢাবিতে বাড়াচ্ছে চীনা শিক্ষার্থীর সংখ্যা


ইউজফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ২২ এপ্রিল ২০২৫, ১৯:২৬



ইউজফাক ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে এক বছরে চীনা শিক্ষার্থীর সংখ্যা বেড়ে দ্বিগুণ হয়েছে। গত বছর চীন থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়তে এসেছিলেন ৯ জন শিক্ষার্থী। এবছর পড়তে এসেছেন ১৮ জন। এসব শিক্ষার্থী আধুনিক ভাষা ইনস্টিটিউটের অধীনে বাংলা বিভাগে পড়াশোনা করছেন।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

মঙ্গলবার (২২ এপ্রিল) ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, আগামী আগস্ট মাসে চীনের শিক্ষার্থীরা দুই সেমিস্টারের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়তে আসার আগ্রহ দেখিয়েছেন। একই সঙ্গে প্রফেশনাল মাস্টার্স কোর্সে পড়ারও আগ্রহ দেখিয়েছেন তারা। এলক্ষ্যে চীনের আরো কয়েকটি বিশ্ববিদ্যালয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমঝোতা স্মারক সই করতে চায়। সেজন্য উভয়পক্ষের মধ্যে আলোচনাও হয়েছে। খুব শিগগিরই বেশ কয়েকটি সমঝোতা স্মারক সই হতে পারে।



ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)

এছাড়াও শিক্ষা-গবেষণা ও শিক্ষক-শিক্ষার্থী বিনিময়ের ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার জন্য চীনের তিনটি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক (এমওইউ) রয়েছে। এসব সমঝোতা স্মারকের আওতায় এবং চীন সরকারের বৃত্তি নিয়ে এবছর চীনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পড়তে গিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৮ জন শিক্ষার্থী। গত বছর এই সংখ্যা ছিলো ৭ জন।

উল্লেখ্য, সর্বশেষ ১৯ এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয় সফর করেন চীনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দল।  
এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে প্রতিনিধি দলের অ্যাকাডেমিক বিনিময় সভা অনুষ্ঠিত হয়।